

---

## Plot of a Novel

---

একজন দরিদ্র অবস্থায় এক গ্রাম্য মেয়ের প্রেমে মুগ্ধ হল। Love passages, (বিবাহও করে)। সে মাসে মাসে কলকাতায় আসে—দু-একটি (মেয়েকে) দেখে মুগ্ধ হয়, অত্যন্ত দারিদ্র। তারপর সে (পাকাপাকিভাবে) কলকাতায় আসে। ব্যবসা করে, ধনী হয়, মোটর চড়ে, বাগানবাড়ি কেনে। অন্য স্ত্রীও বিবাহ করে। কিন্তু ছেলেপুলে নিয়ে একদিন বাগানবাড়িতে বেড়াতে গিয়ে সুখ নেই। গ্রাম্য স্ত্রীর সংসার ও দারিদ্র্য কত ভাল ছিল। তখন আনন্দ ছিল। এখন দ্বিতীয়া স্ত্রী সুন্দরী, শুধু টাকা চায়, outing করে, থিয়েটার বায়োস্কোপে যায়। ভালবাসে, in her own way, passion নেই, life নেই।

Then one day he died in great pain. But there was no pain for him. He was living over again the days of his childhood, his first youth... বনশিমের ফুলদোলানো কুঁচতলার ঘাট...his first love...their joint exploits...

একটি বউ নিমন্ত্রণ হবে বলে সারাদিন বসে থাকে। বলে, ভাত চড়ালুম না—জ্ঞাতি, আমাকে ডাকবেই।

“A perfect love is the outcome of perfect knowledge”—Leonardo Da Vinci.

আমপাড়া নিয়ে জায়ে জায়ে, ভাইয়ের ছেলেতে ছেলেতে ঘোর ঝগড়া। pettiness littleness of mind. Beauty-র চোখ খোলেনি। গরু। ঘরের মধ্যে বিচুলি রাখে। কাঁঠালের ভুতুরি।

African Explorersদের Nyassaland-এর অধিবাসিগণের সঙ্গে এদের তুলনা। তাদেরও art, beautyর conceptionই নেই। কিছু ভাবে না। wonder বলে পদার্থই নেই।

“They live like silly ants.” গ্রামে একজন কেরানী কোঠা করেছে। তাকে সবাই বাবুবাবু করে। খুব খাতির দেখায়। সভায়, আসরে, চণ্ডীমণ্ডপে। ওকে পোঁছেও না। ও সংস্কৃত কাব্য ভালোবাসে Growth of a poetic nature of the richest kind...worshipper of Beauty...

“What the imagination seizes as Beauty must be Truth.”-Keat’s letters.

বাল্যের বন্ধু ব্রহ্মচারী হয়ে গিয়েছে। ওর হাসি আসে। Appreciate করে।

হরি রায় যখন মর-মর, তখন যে বাড়িতে সে বাইরের ঘরে থাকে তারা একটা খেজুরের চালা তুলে তার মধ্যে ওকে রেখে এল। এক বাটি সাবু দেয়। নাইবার সময় সাবুর বাটিটামাজতে নিয়ে গেল। একদিন দেখে বাটিসুদ্ধ সাবু পড়ে আছে। মানুষটা মরেগিয়েছে।

একটি বউকে তার স্বামী দ্বিতীয় পক্ষে বিয়ে করেছে। সতীনের মন জোগায়। দাসীবাঁদীবৃত্তি করে। সতীনের দিকে হয়ে থাকে। স্বামী মারা গেলে গাঁয়ের লোকের পরামর্শে সম্পত্তিপঞ্চগয়েত ডেকে ভাগ করে নেয়। কিন্তু দখল করতে পারবে না ভেবে সম্পত্তি ইজারা দেয় একজন পেটো মহাজনকে। তারা খুব ভরসা দেয়। বউটি কিন্তু নিতান্ত বোকা। সতীনের ভাই বারণ করেছিলো। ওদের বাড়িতে বাঁদীবৃত্তি করে। যত উঞ্জবৃত্তি। সকালে কাঁচা ছেলে ধরে বসে থাকে। সকলের খাওয়া মিটে গেলে তবে খায়। কর্তা মরে গেল, সতীনই কর্তা, সে

বলে—এআপদ ঝাঁটা মেরে বিদেয় করো। সতীনের ভাই বলে, বিষয় দেব না তবে খেতে দেব। দুটিছেলে। একটি থাকে বোনের কাছে, একটি নিজের কাছে। ভেবেছিলো চিরকাল সতীনের বাঁদীহয়ে ছিলো, এবার হাতে পয়সা হবে, স্বাধীন হবে। লোকে ভাবে এক, হয় অন্য। মার কাছেফিরে যায়। মা অতি গরিব, ধান ভেনে দিন চলে। বোকা মেয়ে সেখানে ফেরে। সম্পত্তি ইজারা দিয়েছে যে মহাজনকে, মা ও মেয়ে তাদের বাড়িতে যায়। কিছুদিন থাকে। সে সংসারেঠ্যাকারে বড়লোকের বধু ভাবে আমি ভাগ্যবতী। এক গা গহনা। মোটাসোটা, অহংকারেপরিপূর্ণ। সর্বময় কত্রী। এত আম বাড়িতে, বউদের নিয়ে খাবার ক্ষমতা নেই। যখন বলবে খাও-গে, তখন গিয়ে খেতে হবে। চার বউ সেবাদাসী। একসঙ্গে ভাগনেরা খেতে বসে, জামাইবসে, ছেলে বসে, স্বামী বসে। ভাগনের পাতে হাতা করে দুধ। নিজের ছেলেদের পাতে বড়বড় জামবাটিতে ঘন দুধ। ভাগনের মেয়েকে ভাত দেয়—যেখানে গৃহিণী খেতে বসেছেন, ঠাকুর গৃহিণীকে এক কাঁসি দাগা রুইমাছের তরকারি এনে দেয়—ভাগনের মেয়ের খাবার পাত্র নেই—কাঁসিখানাই পরিষ্কার করে গৃহিণী তাতে ভাত দেয় ওকে। সব মাছগুলি নিজের পাতে নেয়—ভাগনের মেয়ের পাতে ঠাকুরের বরাদ্দ একটুকরো। গিল্লি খেয়ে উঠলে পাতে যদি মাছথাকে, তাতে তাঁর মেয়ে বসবে। ভাগনে বউ কলাইয়ের ডাল খেয়ে উঠে গেলো; নিজেদের দল—বউ মেয়ে, বাটিতে বাটিতে দুধ, আম—ওকে একহাতা কোনোদিন, কোনোদিন তাও না।

হঠাৎ বড়লোক পেটো মহাজনের বাড়ি।

সত্যবাবু—A former master of literature. আমি মুঙ্গেরের গঙ্গায় রোজ যেতুম।কষ্টহারিণীর ঘাটে তার সঙ্গে দেখা। বৃদ্ধ। সে বলে—আমি লিখি। আমি interested হলুম।আলাপ। প্রশংসাপত্র দেখায়। পুরানো ...musty...কেউ বলেচে বঙ্কিমচন্দ্র...(শোয়) চট্টেরবালিশে...আমি পাঁচ টাকা দিই গল্পের জন্যে...বলে আমার বইটাকে publish করবে? একালেয়ে চলবে না তা আমি বলতে পারলুম না। আর কখনো কষ্টহারিণীর ঘাটে যাইনি। A pathetic figure.

মাঝে মাঝে Forsyte Saga-র মতো অপু ও কাজলের গল্পে ফিরে যাব।

In search of a pedigree

একজন লোক বাংলার বাইরে চিরকাল কাটিয়েছে। সে অনেকদিন পরে তার দেশে ফিরে আসছে। তার জন্মই বিদেশে। বাংলা দেখেনি বললেই হয়। এক-আধবার কলকাতায়এসেচে—শিক্ষিত। নতুন গাঁয়ের স্টেশনে নামল—নতুন চোখে দেখে, নতুন দেশ।

তারপরেই সে নানাস্থানে বেড়াতে লাগল। একস্থানে এক বৃদ্ধা থাকেন, তার কাছেইঅনেক খোঁজ নেবে। এইভাবে তিনটি বিভিন্ন গ্রামের প্রাচীন লোকেদের কাছে সে গেল। Mature minded মানুষ।

গ্রাম—wonder of a new land-experiences of a new character. পূর্বপুরুষেরভিটা। records খুঁজে পায়। প্রাণের সম্পর্ক in detail.